রাজধানীতে ডিএমপির অভিযানে একদিনে গ্রেপ্তার ৫৩৪



ছবি: সংগৃহীত

রাজধানীতে পুলিশের নিয়মিত অভিযানে গত ২৪ ঘণ্টায় ৫৩৪ জনকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। এ সময় বিভিন্ন অপরাধে ৫৩টি মামলা হয়েছে।

শুক্রবার (১৩ নভেম্বর) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপপুলিশ কমিশনার আকতার হোসেন এ তথ্য জানান।

তিনি জানান, গ্রেপ্তারদের মধ্যে সবচেয়ে বেশি ১৪৭ জন মিরপুর বিভাগে। এ ছাড়া তেজগাঁওয়ে ৯১, লালবাগে ৬০, উত্তরা ৫৫, মতিঝিল ৫২, গুলশান ৫০, ওয়ারী ৪৮ ও রমনা বিভাগে ২৬ জন রয়েছেন। বাকি চারজন গোয়েন্দা বিভাগ এবং একজন স্পেশাল রেসপন্স ইউনিটের (এসআরইউ) সদস্যদের অভিযানে গ্রেপ্তার হয়েছেন।

অভিযানে তিনটি ককটেল, বিস্ফোরিত ককটেলের তিনটি অংশ, ছয় কেজি গাঁজা, ২০৭টি ইয়াবা, ১০ বোতল ফেনসিডিল, এক হাজার টাকার ৯২৫টি জাল নোট ও সাতটি মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে। এ ছাড়া একজন ভুক্তভোগীকেও উদ্ধার করা হয়।

ডিএমপি জানায়, বৃহস্পতিবার (১২ নভেম্বর) রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান চালিয়ে এসব গ্রেপ্তার ও উদ্ধার করা হয়। গ্রেপ্তারদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।